গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৬.২১. ১৮৬১ (৮৫২)    তারিখ: ০৮ কার্তিক ১৪২৯ / ২৪ অক্টোবর ২০২২

## অফিস আদেশ

প্রশাসনিক গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সিটিজেনস্ চার্টারভূক্ত কার্যক্রমগুলো সহজীকরণের উদ্যোগ গ্রহণ করেছে। সে প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন ''কর্মকর্তা/কর্মচারী (১০-২০ গ্রেড পর্যন্ত) গণের চাকুরী স্থায়ীকরণ'' সেবাকে সহজিকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে নিম্নরূপ আদেশ জারি করা হলো:

ক) মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী (১০-২০ গ্রেড পর্যন্ত) গণ নিজ নিজ দপ্তরের দপ্তর প্রধানগণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যসহ চাকুরী স্থায়ীকরণের জন্য আবেদন করবেন (চাকুরি স্থায়ীকরণের জন্য প্রয়োজনীয় তথ্য সিটিজেনস্ চার্টার এ উল্লেখ রয়েছে যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে);

খ) সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করে তথ্যাদিসহ আবেদনসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অগ্রায়ন করবেন;

গ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যথাযথ পদক্ষেপ গ্রহণপূর্বক বিদ্যমান পদ্ধতি অনুসরণ করে ১১-২০ তম গ্রেড এর কর্মচারীগণের জন্য অফিস আদেশ জারী করবে;

ঘ) ১০ম গ্রেড এর কর্মকর্তাদের চাকুরী স্থায়ীকরণের এখতিয়ার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিধায় ১০ম গ্রেড এর কর্মকর্তাদের আবেদনসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে যাচাই-বাছাই সমাপনান্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

২। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনুমোদন রয়েছে এবং এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪.১০.২২

এ জেড এম নূরুল হক
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৫৫০৭৪৮২৯
diradmindpe@gmail.com

বিতরণঃ
১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল),
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

অনুলিপিঃ

১. চিফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।